

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
পরিকল্পনা শাখা

পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন  
উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর ২০১৫ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

- ১.০ সভার তারিখ ও সময়: ০৯ ডিসেম্বর ২০১৫, বেলা ১২.০০ ঘটিকা।
- ১.১ সভার স্থান: এন.ই.সি-১ সম্মেলন কক্ষ।
- ১.২ সভাপতি: জনাব মোহাম্মদ সফিকুল আজম  
সচিব, পরিকল্পনা বিভাগ।
- ১.৩ সভায় উপস্থিতির তালিকা সংযোজনী 'ক'-তে দেয়া হ'ল।
- ২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। গত ০৩/০৯/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব (পিটি), পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতির চিত্র উপস্থাপন করেন। চলতি অর্থ বছরে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের আওতায় বাস্তবায়নাধীন ১৫টি প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দ ১২৬.১৩ কোটি টাকা এবং ২০১৫-১৬ অর্থ বছরের নভেম্বর, ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ১৯.০২ কোটি টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় ১৫.৬২%।
- ২.১ সভায় ২০১৫-১৬ অর্থ বছরের প্রকল্প গুলো ব্যয়ের সার্বিক চিত্র তুলনা ধরা হয়। ২০১৫-১৬ অর্থ বছরের ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

লক্ষ টাকা

ক্রঃ নং	প্রকল্পের নাম	এডিপি বরাদ্দ	জুন ১৫ পর্যন্ত ব্যয়	ব্যয়ের শতকরা হার %
১	ইমারজেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেস্টোরেশন শীর্ষক প্রকল্প	৫.০০	২.১৫৭৩	৪৩.১৫
২	পরিকল্পনা কমিশন চত্বরের ফটক, সীমানা প্রাচীর এবং আনুষঙ্গিক সুবিধাদিসহ নিরাপত্তা কক্ষ পুনঃনির্মাণ প্রকল্প	৮.১৫	-	-
৩	পরিকল্পনা কমিশন চত্বরে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল (ই/এম) এবং আরবরিকালচার কাজের উন্নয়ন প্রকল্প	৮.৯৮	১.০০	১১.১৪
৪	বিসিএস ইকনমিক একাডেমী প্রতিষ্ঠা শীর্ষক প্রকল্প	২.৫০	০.১১৮৪	৪.৭৪
৫	ইমিগ্রিমেন্টেশন অব ডিজিটাল একনেক শীর্ষক কারিগরি সহায়তা	১০.৯৮	০.৫৪৯৫	৫.০০
৬	ভৌত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী শক্তিশালীকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প	৩.০৫	১.১২৩১	৩৬.৮২
৭	স্ট্রেন্গেনিং ক্যাপাসিটি অব দ্যা জেনারেল ইকোনমিক ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন ইমসেস ইনটু সেক্টরাল প্ল্যানিং শীর্ষক প্রকল্প	৮.৮	০.১৪৭৬	১৭.৫৭
৮	এনহ্যান্সিং দ্যা ক্যাপাসিটি অব এসইআই ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন এন্ড জেন্ডার ইস্যুস ইনটু সেক্টরাল প্ল্যানিং শীর্ষক প্রকল্প	৯.০	০.১১	১২.২২
৯	সাপোর্ট টু সাসটেইনেবল এন্ড ইনক্লুসিভ প্ল্যানিং প্রকল্প	১০.০৯	২.৫৮৪১	২৫.৬১
১০	বাংলাদেশ ডেন্টা প্ল্যান-২১০০ প্রণয়ন শীর্ষক প্রকল্প	৪৬.৫২	৭.২৭৯৯	১৫.৬৫
১১	প্রিপারেশন এন্ড মনিটরিং অব মিডিয়াম টার্ম ডেভেলপমেন্ট প্ল্যানস (সেভেনথ ফাইভ ইয়ার প্ল্যান) শীর্ষক প্রকল্প	২.৬৪	০.৩৫১৫	১৩.৩১
১২	স্ট্রেন্গেনিং অব অপারেশনাল সাপোর্ট ইউনিট ইন দি প্রোগ্রামিং ডিভিশন	০.০১	-	-
১৩	স্ট্রেন্গেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম শীর্ষক প্রকল্প	১৬.৭৯	৩.৩৬	২১.৪৪
১৪	আরবান রেজিলিয়েন্স প্রজেক্টঃ প্রজেক্ট কো-অর্ডিনেশন এন্ড মনিটরিং ইউ (ইউআরপিঃ পিসিএমইউ) অংশ প্রকল্প	৫.০০	-	-
১৫	প্রকল্প পরিচালক, পরিকল্পনা কমিশন চত্বরে ব্যাংক, ডে-কেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক, গ্যারেজ ও পোস্ট অফিস নির্মাণ প্রকল্প	৪.৩২	-	-

২.২ সভায় জানানো হয় যে, নতুন ২টি প্রকল্পের হালনাগাদ অনুমোদন পরিস্থিতি নিম্নরূপঃ

প্রকল্পের নাম	বর্তমান পরিস্থিতি
পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন	২৯/১০/২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনঃগঠন করে গত ১৯/১১/২০১৫ তারিখে ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে।
পরিকল্পিত উন্নত বাংলাদেশ প্রদর্শন	আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ কর্তৃক প্রকল্প অনুমোদনের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রীর দপ্তরে নথি উপস্থাপন করা হয়েছে।

২.৩ সভায় বিসিএস ইকনমিক প্রকল্পের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব নাসিমা হায়দার এবং মাননীয় বিচারপতি জনাব মোস্তফা জামান ইসলাম এর সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ মামলাটি শুনানী অন্তে গত ০৭/১২/২০১৫ তারিখে Rule discharged করে রায় প্রদান করা হয়। এ পরিস্থিতিতে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করা সহজতর হবে।

৩. বিবিধ আলোচনা:

সভাপতি মহোদয় সভাকে অবগত করেন যে, পরিকল্পনা কমিশনের চত্বরে সোলার সিস্টেম চালু করার বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করেছেন। এ বিষয়ে অতি শীঘ্র ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে তাগাদা দেন।

৪.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
ক	পরিকল্পনা কমিশনের চত্বরে সত্বর সোলার প্যানেল স্থাপন করতে হবে।	পরিকল্পনা বিভাগ
খ	যে সকল প্রকল্পের আর্থিক অগ্রগতি কম, সে সমস্ত প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে তাগিদ পত্র প্রেরণ করবে।	পরিকল্পনা বিভাগ ও সকল প্রকল্প পরিচালক

৫.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ সাফিকুল আজম  
সচিব  
পরিকল্পনা বিভাগ।